

বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অস্ট্রেলিয়া'র

## বড়দিন উৎসব ২০১৪

ডিসেম্বর এলেই যেন বড়দিনের আলো ছড়াতে থাকে বিশ্বময়। বড়দিন এখন ধর্মীয় গতি পেরিয়ে রূপান্তরিত হয়েছে সার্বজনীন আনন্দ উত্সবে। গোটা বিশ্বকে নব অঙ্গিকে সাজিয়ে প্রতিবারের মতো এবারো বড়দিনে এসেছিলো মহা আনন্দের প্লাবন। শান্তি ও সৌহার্দ্যের জয়গান নিয়ে বাংলাদেশ খ্রীষ্টান ফেলোশীপ অব অস্ট্রেলিয়া বিগত ২৫শে ডিসেম্বর রকডেল ইউনাটিং চার্চ অডিটোরিয়ামে আয়োজন করেছিলো বড়দিন উৎসব ২০১৪। সংগঠনের সকল সদস্য সহ নিম্নিত্ব অতিথি, সিডনীর বিশিষ্ট ব্যক্তিবর্গ, বিভিন্ন সংগঠনের নেতৃবর্গ ও মিডিয়ার প্রতিনিধিদের উপস্থিতিতে এ অনুষ্ঠান ছিলো প্রাণবন্ত। সাধারণ সম্পাদক ন্যাশী লীনা ব্যারেল'র শুভেচ্ছা ও সত্ত্বাপত্তি এডওয়ার্ড অশোক অধিকারী'র স্বাগত বক্তব্যের মধ্য দিয়েই বড়দিন উদ্বাপন অনুষ্ঠান শুরু হয়। বড়দিনের বিশেষ প্রার্থনা ও গান, ভোজ, সাংস্কৃতিক অনুষ্ঠান, শিশুদের মাঝে সান্তানসের আগমন, সদস্যসহ কমিউনিটির সুধীজনের স্পন্সরের আয়োজনে রাফেল ড্র সহ পিঠা ও বিনোদন পর্ব ছিল বড়দিন অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ। এছাড়াও নিম্নিত্ব শিল্পী অভিজিৎ ও পিয়াস বড়ুয়া'র দৈত সঙ্গীত পরিবেশনা ছিলো চমতকার। সংগঠনের পক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে রূপান্তর, রিয়া, ঝৰিতা, তরঙ্গ, অর্চি, অমিয়া, জল, এ্যারোন, ত্রিসা, জেসন, শ্যানন, অভি, জেসিকা, রঞ্জি, জয়িতা, দীপা বিশ্বাস, শিল্পী গমেজ, ইন্দিরা বাড়ে, রথীন ঢালী এ্যাঞ্জেলা ঢালী, তুলি ফলিয়া, চেরী সরকার, পামেলা বাড়ে, লরেন্স সরকার, স্টিফেন পান্ডে, রোনাল্ড পাত্র, ডেইজী মিঠু বিশ্বাস, মানিক বাড়ে, এডওয়ার্ড অশোক অধিকারী। অনুষ্ঠানে ব্রিজেট দীপা বিশ্বাসের সম্পাদনায় প্রকাশিত হয় সংগঠনের নন্দিত মুখ্যপত্র 'জল'। মঞ্চসজ্জার দায়িত্বে ছিলেন অনুপ এ্যাঞ্জেলী গমেজ। বড়দিন উৎসবের আহ্বায়ক ড: রোনাল্ড পাত্র উপস্থিত সকল শুভার্থী, কলাকুশলী, বিজ্ঞাপনদাতা ও র্যাফেল স্পন্সরকারীদের বিশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। বলেন, এ অনুষ্ঠান কোন একক প্রচেষ্টার ফসল নয়, বরং সকলের সম্মিলিত সহযোগীতা ও পরিশ্রমের অবদান। সবার প্রতি রইলো আন্তরিক মঙ্গলবাদ। আশা করি আগামীতেও সকলের পূর্ণ সহযোগীতা অব্যহত থাকবে।



